

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১১, ৭১-৭২ পুরাতন
এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।



৩১ মে ২০২১ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী:


সভাপতি	মোঃ রাকিব উদ্দিন প্রকল্প ব্যবস্থাপক (সিগনাল এন্ড টেলিকমিউনিকেশন)
সভার তারিখ	৩১ মে ২০২১ খ্রিষ্টাব্দ
সভার সময়	সকাল ১০:০০ ঘটিকা
স্থান	DMTCL Innovation Team Messenger Group
উপস্থিতি	(১) জনাব খালিদ সাইফুল্লাহ সরদার, উপ-প্রকল্প ব্যবস্থাপক (সিভিল) (সিপি-০৫), ঢাকা ম্যাস র্য়াপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬); (২) জনাব মোঃ আরিফুর রহমান, সহকারী প্রকৌশলী (সিভিল), ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (প্রেষণে - এমআরটি লাইন-৬); (৩) জনাব মোঃ উজ্জ্বল হোসাইন, সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল), ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (প্রেষণে - এমআরটি লাইন-৬); (৪) জনাব মোঃ শাহরিয়ার কবির, সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল), ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (প্রেষণে - এমআরটি লাইন-৬); (৫) জনাব রায়হান খলিল, এ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (Train Operation), ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড

DMTCL Innovation Team Messenger Group-এর মাধ্যমে অনুষ্ঠিত সভায় সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	বিগত সভার কার্য বিবরণী অনুমোদন	বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে সভায় উপস্থিত সদস্যগণের পক্ষ হতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় বিগত সভার কার্যবিবরণী অনুমোদনের বিষয়ে সভায় উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন।	বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।	ইনোভেশন অফিসার ও ইনোভেশন টীম ডিএমটিসিএল
২.	বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন পর্যালোচনা	সভায় জানানো হয় যে, ২০২০-২০২১ সালের উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়ন করে যথাসময়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়েছে এবং ডিএমটিসিএল-এর তথ্য বাতায়নে প্রকাশ করা হয়েছে। এপ্রিল ২০২১ পর্যন্ত কর্মপরিকল্পনার ১৩ টি সূচকের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। কর্মপরিকল্পনা অনুযায়ী ডিএমটিসিএল সংশ্লিষ্ট অবশিষ্ট সূচকের লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকার উপর গুরুত্ব আরোপ করা হয়।	কর্মপরিকল্পনা অনুযায়ী এ বছরের অবশিষ্ট লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।	ইনোভেশন অফিসার ও ইনোভেশন টীম ডিএমটিসিএল

৩.	উদ্ভাবকগণের সঙ্গে উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে টিমের সভা	২০২০-২১ সালের জন্য বাছাইকৃত উদ্ভাবনী ধারণা 'ডিএমটিসিএল ডিজিটাল আর্কাইভ' পাইলটিং কাজের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আইডিয়াটির প্রস্তাবক জনাব আরিফুর রহমান সভায় জানান যে, ৩ ফেব্রুয়ারি ২০২১ তারিখে প্রথম ডাটা আপলোডের মাধ্যমে আইডিয়াটির পাইলটিং সম্পন্ন করা হয়েছে। DMTCL-এর website-এ যথেষ্ট Band with না থাকায় খুব বেশি ডাটা Upload করা সম্ভব হবে না। এতে Website এর গতি কমে যাবে। ডাটাগুলো সুবিন্যস্তভাবে একটি সেবাবক্সের আওতায় আপলোড করার কাজ চলছে। এ বিষয়ে তিনি ইনোভেশন টিমের সকল সদস্যের সহযোগিতা কমনা করেন।	উদ্ভাবনী ধারণা 'ডিএমটিসিএল ডিজিটাল আর্কাইভ' বাস্তবায়ন বিষয়ে আইডিয়াটির প্রস্তাবককে সার্বিক সহযোগিতা প্রদান করতে হবে।	ইনোভেশন অফিসার ও ইনোভেশন টিম ডিএমটিসিএল
৬.	বিবিধ	ইনোভেশন ফোকাল পার্সন উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে জুন, ২০২১ মাসের ২য় সপ্তাহে একদিনের প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সভায় অবহিত করেন। ইনোভেশন টিমের সকল সদস্য এ বিষয়ে একমত পোষণ করেন।	জুন মাসের ২য় সপ্তাহে ১ (এক) দিনের প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	ইনোভেশন অফিসার ও ইনোভেশন টিম ডিএমটিসিএল

সভাপতি সভায় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ রাকিব উদ্দিন

প্রকল্প ব্যবস্থাপক (সিগনাল এন্ড

টেলিকমিউনিকেশন)


স্মারক নম্বর: ৩৫.০৫.০০০০.১১৩.৫০.০০১.১৯.১১

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪২৮

০১ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপ-প্রকল্প ব্যবস্থাপক (সিভিল) (সিপি-০৫), ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
- ২) ব্যবস্থাপনা পরিচালকের একান্ত সচিব, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
- ৩) মো: শহরিয়ার কবির, সহকারীপ্রকৌশলী (ইলেকট্রিক্যাল), ডিএমআরটিডিপি (লাইন-৬)
- ৪) মো: উজ্জল হোসাইন, সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল), ডিএমআরটিডিপি (লাইন-৬)
- ৫) মো: আরিফুর রহমান, সহকারী প্রকৌশলী (সিভিল) (সিপি-০৩ ও ০৪), ডিএমআরটিডিপি (লাইন-৬)
- ৬) রায়হান খলিল, এ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (Train Operation), ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড



মোঃ রাকিব উদ্দিন

প্রকল্প ব্যবস্থাপক (সিগনাল এন্ড

টেলিকমিউনিকেশন)